



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

এক ক্লিকে চসিক শিক্ষা প্রতিষ্ঠানের এসএসসি নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ!

## চট্টগ্রামের শিক্ষা ব্যবস্থায় যুগান্তকারী পদক্ষেপ- মেয়র

চট্টগ্রাম- ৪ নভেম্বর, ২০১৮

প্রথমবারের মতো অনলাইনে প্রকাশিত হলো চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৪৭টি স্কুলের এসএসসি নির্বাচনী পরীক্ষার ফলাফল। চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন আজ রবিবার সকালে সিটি কর্পোরেশন কে.বি আবদুস ছত্তার মিলনায়তনে এক ক্লিকে অনলাইন সফটওয়্যারের মাধ্যমে ফলাফল প্রকাশ করেন। ফলাফল প্রকাশের পরপরই প্রথমবারের মতো চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও এস.এস.সি. নির্বাচনী পরীক্ষা-২০১৮ এর শিক্ষার্থীরা তাদের নিজ নিজ প্রতিষ্ঠান অথবা বাসায় বসেই (অনলাইনে [www.examerp.com/studentresult/result](http://www.examerp.com/studentresult/result) এই ঠিকানা) তাদের ফলাফল সংগ্রহ করতে পারছেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউটের পরিচালক আনিছ আহমদের তত্ত্বাবধানে ইনস্টিটিউটের চার প্রশিক্ষক আশরাফ রেজা, অলিউজ্জামান, নুর উদ্দিন ও হায়দার আলী এই সফটওয়্যারটি প্রস্তুত করেন।

অনুষ্ঠানে চসিক শিক্ষা স্ট্যাডিং কমিটির চেয়ারম্যান, কাউন্সিলর নাজমুল হক ডিউক এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, চসিক সচিব ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান ও চসিক কম্পিউটার ইনস্টিটিউটের পরিচালক আনিছ আহমদ, চসিক পরীক্ষা কমিটির আহ্বায়ক ও পাঠানটুলি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবুল হোসেনসহ ৪৭টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের উদ্বোধকের বক্তব্যে মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন সফটওয়্যার প্রস্তুতি কাজে অংশগ্রহণকারী চার প্রশিক্ষককে অভিনন্দন জানিয়ে বলেন, এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে সিটি কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এক নতুন অধ্যায়ের সূচনা হলো। এরপর থেকে সিটি কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ অনলাইন সফটওয়্যারে অনুষ্ঠিত হবে বলেও তিনি জানান। এ সময় তিনি অনুষ্ঠানে উপস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধানদের উদ্দেশ্যে বলেন, আপনারা শিক্ষার্থীদের নিজের সন্তানের মতো করে গড়ে তুলতে চেষ্টা করেন। শিক্ষার্থীদের কাছে আপনারা একটি রোল মডেল হয়ে থাকবেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানদের নিকট হতে তাদের বিভিন্ন সমস্যার কথা ও সমস্যাগুলো থেকে উত্তোরনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।

মহামন্য হাই কোর্টের আদেশ ও শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় না করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের আহ্বান জানিয়ে এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুশিয়ার করে দেন মেয়র। তিনি শিক্ষাবোর্ড কর্তৃক পরীক্ষা ফি'র ধার্যকরণের প্রঙ্গাপনটি সভায় সকলকে পড়ে শোনান। এতে ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি সহ সর্বোচ্চ মানবিক বিভাগের শিক্ষার্থীদের ক্ষেত্রে নিয়মিত ১ হাজার ৬৫০ টাকা, অনিয়মিত ১ হাজার ৭৫০ টাকা; বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে নিয়মিত ১ হাজার ৭৭০ টাকা, অনিয়মিত ১ হাজার ৮৭০ টাকা এবং ব্যবসায় শিক্ষার ক্ষেত্রে নিয়মিত ১ হাজার ৬৫০ টাকা, অনিয়মিত ১ হাজার ৭৫০ টাকা ধার্য রয়েছে।

উদ্বোধনের পরপরই এই চার প্রশিক্ষককে সঙ্গে নিয়ে নিজ কার্যালয়ে বসেন মেয়র আ.জ.ম নাছির উদ্দীন। তিনি সিটি কর্পোরেশনের সকল শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার প্রস্তুতির বিষয়ে আগ্রহ প্রকাশ করেন এবং দ্রুত এই কাজ শুরু করার জন্য বলেন। এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার তৈরী করে সিটি কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কর্মক্ষমতা বৃদ্ধি করার বিষয়ে আশ্বাস দেন সফটওয়্যার গ্রুপের প্রধান আশরাফ রেজা।

এদিকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিলেবাস কমিটির চেয়ারম্যান পূর্ব মাদারবাড়ী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আকবর ও পূর্ব বাকলিয়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকতার হোসাইন এক যুক্ত বিকৃতিতে প্রথম বারের মতো চসিকের মাধ্যমিক বিদ্যালয় সমূহের এসএসসি নির্বাচনী পরীক্ষার ফলাফল অনলাইনে আনুষ্ঠানিক ভাবে প্রকাশ করায় সিটি মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন ও সফটওয়্যার উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। তারা বলেন, অনলাইনে ফলাফল প্রকাশ সিটি কর্পোরেশনের জন্য একটি মাইলফলক। এতে শিক্ষার্থীরা ঘরে বসে অনলাইনে তাদের ফলাফল দেখতে পারবে। যার ফলে অভিভাবক, শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হবে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন